# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কোন মানুষের উপর আল্লাহর ভয় প্রবল থাকলে, কিয়ামতের দিন তার নাজাত আশা করা যায়- এই মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ خَوْفَ اللَّهِ جَلَّ وَعَلَا إِذَا غَلَبَ عَلَى الْمَرْءِ قَدْ يُرجى لَهُ النَّجَاةُ فِي الْقِيَامَةِ

---

আরবী

649 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا صَالِحُ بْنُ حَاتِمِ بْنِ وَرْدَانَ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ قَتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ الْغَافِرِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ رَجُلٌ فِيمَنْ كَانَ قَبْلَكُمْ لَمْ يَبْتَئِرْ عِنْدَ اللَّهِ خَيْرًا قَطُّ قَالَ لِبَنِيهِ عِنْدَ الْمَوْتِ: يَا بَنِيَّ أَيَّ أَبٍ كُنْتُ لَكُمْ؟ قَالُوا: خَيْرَ أَبٍ قَالَ: فَإِذَا أَنَا مِتُّ فَاحْرَقُونِي واسْحَقُونِي فَإِذَا كَانَ فِي يَوْمِ رِيحٍ عَاصِفٍ فَذُرُّونِي قَالَ: فَمَاتَ ففُعل بِهِ ذَلِكَ فقَالَ لَهُ: كُنْ فَكَانَ كَأَسْرَعِ مِنْ طَرْفَةِ الْعَيْنِ فقَالَ اللَّهُ: يَا عَبْدِي مَا حَمَلَكَ عَلَى مَا فَعلْت؟ فقَالَ: مَخَافَتُكَ أَيْ رَبِّ قَالَ: فَمَا تَلَافَاهُ أَنْ غُفِرَ لَهُ)
قَالَ الْمُعْتَمِرُ: قَالَ أَبِي: فَحَدَّثْتُ هَذَا الْحَدِيثَ أَبَا عُثْمَانَ النَّهْدِيَّ قَالَ: هَكَذَا حَدَّثَنِي سُلَيْمَانُ وَزَادَ فِيهِ: (وَذُرُّونِي فِي البحر)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 649 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪৯. আবু সা’ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের পূর্ববর্তী যুগে একজন ব্যক্তি ছিলেন, আল্লাহর কাছে তিনি কখনই ভাল কিছু করেনি। মৃত্যুর সময় তিনি তার সন্তানদের বলেন: “আমি তোমাদের কাছে বাবা হিসেবে কেমন ছিলাম ?” তারা জবাব দিলেন: “উত্তম

বাবা।” অতঃপর তিনি বললেন: “যখন আমি মারা যাবো, তখন তোমরা আমাকে পুড়িয়ে চূর্ণ-বিচূর্ণ করবে, তারপর যখন প্রবল বাতাসের দিন হবে, তখন আমাকে বাতাসে উড়িয়ে দিবে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “অতঃপর সে লোক মারা গেলে, তার সাথে তাই করা হয়।” আল্লাহ তা‘আলা তাকে বলেন, “তুমি হয়ে যাও” তখনই সে চোখের পলকের চেয়েও দ্রুত মানুষ হয়ে যায়। মহান আল্লাহ তাকে বলেন: “হে আমার বান্দা, এমন কাজ করতে তোমাকে কিসে উদ্বুদ্ধ করেছে?” জবাবে সে বলে: “হে আমার প্রতিপালক, আপনার ভয়।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “অতঃপর আল্লাহ তাকে এই প্রতিদান দিলেন যে, তাকে ক্ষমা করে দেওয়া হয়।”[1]

মু‘তামির বলেন: “আমার বাবা বলেছেন, “আমি হাদীসটি আবু উসমান আন নাহদীকে বর্ণনা করলে তিনি বলেন, “আমাকে সুলাইমান এভাবে হাদীস বর্ণনা করেছেন, সেখানে তিনি একটু বেশি বলেছেন যে, “তোমরা আমাকে সাগরে উড়িয়ে দিবে”।”

## ফুটনোট

[1] তাহাবী, মুশকিলুল আসার: ৫৫৯; সহীহ আল বুখারী: ৬৪৮১; সহীহ মুসলিম: ২৭৫৭; মুয়াত্তা ইমাম মালেক: ১/২৪০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৮৩; দারেমী: ২/৩৩০।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন